গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

স্মারক নং- ৮২৭

তারিখ ঃ ১৮ শ্রাবণ ১৪২৮ / ০২ আগস্ট ২০২১

## নোটিশ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ০৪ আগস্ট ২০২১ খ্রি. তারিখ বেলা ১১.০০ ঘটিকায় নিম্ন স্বাক্ষরকারীর অফিস কক্ষে কৃষি ও সেচ কমিটির সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ আব্দুল লতিফ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম মহোদয়।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচি ঃ

১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সার্বিক বিষয় নিয়ে আলোচনা ।
৩। বানিজ্যিক ভিত্তিতে উচ্চ মূল্য ফসল চাষে কৃষকদের প্রশিক্ষণ বিষয়ক আলোচনা।
৪। বিবিধ।

০২/০৮/২১

(মোঃ মাহাবুবুর রশীদ)
উপজেলা কৃষি অফিসার
ও সদস্য সচিব
উপজেলা কৃষি ও সেচ কমিটি
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

০২/৮/২১

.......................................................................
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৪। ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।

## পরিশিষ্ট- "ক"

কৃষি ও সেচ কমিটির সভার হাজিরা স্বাক্ষরঃ

স্থানঃ উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, ফুলবাড়ী, কুড়িগ্রাম। সভার তারিখ: ০৪ আগস্ট ২০২১ খ্রি.

| ক্রমিক নং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ আব্দুল লতিফ | ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সভাপতি | [signature] |
| ২ | মোঃ লুৎফর রহমান | চেয়ারম্যান ভাঙ্গামোড় ইউনিয়ন পরিষদ ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য | |
| ৩ | মোঃগোলজার হোসেন মন্ডল | চেয়ারম্যান কাশিপুর ইউনিয়ন পরিষদ ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য | [signature] |
| ৪ | মোঃ রায়হান উদ্দিন সরদার | উপজেলা মৎস্য কর্মকর্তা ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য | [signature] |
| ৫ | মোঃ মাহাবুবুর রশীদ | উপজেলা কৃষি অফিসার ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য-সচিব | [signature] |

# উপজেলা পরিষদ

ফুলবাড়ী, কুড়িগ্রাম।

বিষয় ঃ উপজেলা কৃষি ও সেচ কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ মোঃ আব্দুল লতিফ
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম

তারিখ ঃ ০৪ আগস্ট ২০২১ খ্রি.
স্থান ঃ উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট- "ক" তে দেখানো হলো।

অদ্যকার সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় যা সর্বসম্মতিক্রমে গৃহীত হওয়ায় উপজেলা কৃষি অফিসার ও সদস্য-সচিব কৃষি ও সেচ কমিটিকে সভা পরিচালনার জন্য আহবান জানানো হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়-২ ঃ উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সার্বিক বিষয় নিয়ে আলোচনা

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্টু ও স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে।<br>১) তিনি জানান আমন মৌসুমে লক্ষমাত্রা ১১,৭০০ হে: এর স্থলে আজ পর্যন্ত ১১,৫০০ হে: রোপন সম্পূর্ণ হয়েছে। ১০-১৫ দিনের মধ্যে লক্ষ্যমাত্রার বেশি রোপন সম্পন্ন হবে আশা করা যায়। কোন প্রাকৃতিক দুর্যোগে আক্রান্ত না হলে এবং আবহাওয়াগত অবস্থা স্বাভাবিক বা বর্তমান অবস্থা বিরাজ করলে আশাতীত ফলন পাওয়া যাবে।<br>২) পাট কর্তন প্রায় শেষ অর্থাৎ মাত্র ৩০ হে: জমির পাট ৫/৭ দিনের মধ্যে কর্তন সম্পন্ন হবে। এবার পাটের ফলন বেশ ভাল, যা বিঘা প্রতি গড়ে জাত ভেদে ১১-১৪ মন। এবাড়ে দামও ভাল, কৃষক অত্যন্ত খুশি।<br>৩) রাইস প্লান্সপ্লান্টার যন্ত্রের মাধ্যমে প্রতিটি ইউনিয়নেই আমন চারা রোপনের মাধ্যমে কৃষক পর্যায়ে কৃষি যান্ত্রীকরণ সম্প্রসারণে কৃষি বিভাগ কার্যক্রম পরিচালনা করছে। আমন মৌসুমে এখন পর্যন্ত ১৩০ বিঘা জমিতে চারা রোপন সম্পন্ন হয়েছে। আরও ১--১৫ বিঘা রোপন করা হবে। তিনি জানান রংপুর বিভাগ কৃষি ও গ্রামীণ উন্নয়ন প্রকল্পের মাধ্যমে অত্র উপজেলায় গঠিত কৃষক গ্রুপের মধ্যে ৭টি গ্রুপে রাইস প্লান্সপ্লান্টার যন্ত্র বিনা মূল্যে বিতরণ করা হয়েছে। যা ঐ এলাকায় কৃষি উন্নয়নে ব্যাপক ভূমিকা রাখবে।<br>৪) সার পরিস্থিতি বর্তমানে স্বাভাবিক রয়েছে। তবে ইউরিয়া সারের ক্ষেত্র জমাটবদ্ধ/দলাব্ধা ইউরিয়া সার ক্রয়ে কৃষককে উদ্বুদ্ধ করতে অনুরোধ জানানো হয়। জমাটবদ্ধ ইউরিয়া সার মানে সঠিক তাই বিভ্রান্ত ছড়ানোর সুযোগ নেই। | কৃষি বিভাগের যাবতীয় কার্যক্রম সুষ্টুভাবে সম্পন্ন করার জন্য উপজেলা কৃষি অফিসাকে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা কৃষি অফিসার ও ইউপি চেয়ারম্যান (সকল) । |

(পাতা চলমান)

| আলোচ্য বিষয়-৩ ঃ বানিজ্যিক ভিত্তিতে উচ্চ মূল্য ফসল চাষে কৃষকদের প্রশিক্ষণ বিষয়ক আলোচনা ঃ | | |
|---|---|---|
| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
| বাংলাদেশ কৃষি প্রধান দেশ। এ দেশের প্রায় ৯০% মানুষ প্রত্যক্ষ ও পরোক্ষ ভাবে কৃষির উপর নির্ভরশীল। এ বিষয়টিকে প্রাধান্য দিয়ে কৃষকরা যাতে তাদের উৎপাদিত পণ্যের সঠিক ও ন্যায্য মূল্য এবং সর্বাধিক উৎপাদন করার সক্ষমতা অর্জন করতে পারে সে বিষয়কে প্রাধান্য দিয়ে বানিজ্যিক ভিত্তিতে উচ্চ মূল্য ফসল চাষে প্রান্তিক কৃষকদেরকে প্রশিক্ষণ প্রদান করা প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বানিজ্যিক ভিত্তিতে উচ্চ মূল্য ফসল চাষে কৃষকদের প্রশিক্ষণ প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার ও ইউপি চেয়ারম্যান (সকল)। |

পরিশেষে, বিবিধ বিষয়ে আর কোন আলোচনা না থাকায় সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

(মোঃ আব্দুল লতিফ)
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও সভাপতি
কৃষি ও সেচ কমিটি
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

স্মারক নং- ৮২৩

তারিখ ঃ ১৮ শ্রাবণ ১৪২৮
০৪ আগস্ট ২০২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৪। ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।

০৪/৮/২১

(মোঃ মাহাবুবুর রশীদ)
উপজেলা কৃষি অফিসার
ও সদস্য সচিব
কৃষি ও সেচ কমিটি
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

০৪/৮/২১